গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নং- ৪৬. ০০. ০০০০. ০৩৯. ০১৮. ০১২. ২০২০- ৩২৭

তারিখঃ ০২ চৈত্র ১৪২৭ / ১৬ মার্চ ২০২১

বিষয়ঃ কুটনীতিক ও বাংলাদেশে বসবাসরত বিদেশি নাগরিকদের ভ্যাকসিনেশন।

সূত্রঃ স্বাস্থ্য সেবা বিভাগের ১০/০৩/২০২১ তারিখের ৪৫.০০.০০০০.১৭১.৩২.০১৭.২১/১৪২ নং পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে স্বাস্থ্য সেবা বিভাগ হতে প্রাপ্ত পত্রটি এ সাথে প্রেরণ করা হল। উক্ত পত্রের নির্দেশনা মোতাবেক বাংলাদেশে অবস্থানরত কুটনীতিকদের তালিকা পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে এবং বিভিন্ন প্রতিষ্ঠানে বা প্রজেক্টে কর্মরত বিদেশী নাগরিকগণের তালিকা স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ে প্রেরণের লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তিঃ ৫(পাঁচ) পৃষ্ঠা।

১৬/০৩/২০২১

এ কে এম মিজানুর রহমান
উপসচিব
ফোন- ৯৫৭৫৫৭৩
E-mail: lgadmin1@lgd.gov.bd

বিতরণ (স্থানীয় সরকার বিভাগ):

১। অতিরিক্ত সচিব (সকল)/মহাপরিচালক (মইই), স্থানীয় সরকার বিভাগ।
২। যুগ্মসচিব/পরিচালক (সকল), স্থানীয় সরকার বিভাগ।
৩। উপসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।
৪। সিনিয়র সহকারী সচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।
৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ।
৬। সহকারী সচিব(সকল)/হিসাবরক্ষণ কর্মকর্তা/সহকারী প্রোগ্রামার/সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, স্থানীয় সরকার বিভাগ।

দপ্তর/সংস্থা/স্থানীয় সরকার প্রতিষ্ঠান:

১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
২। মহাপরিচালক, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট, ঢাকা/রেজিস্ট্রার জেনারেল, রেজিষ্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন।
৩। প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন/ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৫। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা/চট্রগ্রাম ওয়াসা/খুলনা ওয়াসা/রাজশাহী ওয়াসা।
৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, গাজীপুর/চট্রগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/নারায়নগঞ্জ/কুমিল্লা/রংপুর/ময়মনসিংহ সিটি কর্পোরেশন।

অনুলিপিঃ

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
২। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।

"মুজিববর্ষে স্বাস্থ্য খাত
এগিয়ে যাবে অনেক ধাপ।"

স্থানীয় সরকার বিভাগ
সিনিয়র সচিবের দপ্তর

১) অতিরিক্ত সচিব
২) মহাপরিচালক
৩) যুগ্মসচিব
৪) যুগ্মসচিব (পরিকল্পনা)

১) প্রশাসন
২) নগর উন্নয়ন
৩) উন্নয়ন
৪) পানি সরবরাহ (পাস)
৫) উপজেলা অধিশাখা
৬) ইউপি অধিশাখা
৭) অডিট অধিশাখা
৮) আইন অধিশাখা

ডাইরি নম্বরঃ.........
তারিখঃ ১৪/৩/২১ স্বাক্ষর

মুজিব শতবর্ষ MUJIB 100

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
জনস্বাস্থ্য-২ অধিশাখা
www.hsd.gov.bd

স্মারক নং-৪৫.০০.০০০০.১৭১.৩২.০১৭.২১/১৪২

তারিখঃ ১০ মার্চ-২০২১ খ্রিস্টাব্দ
২৫ ফাল্গুন ১৪২৭ বঙ্গাব্দ

বিষয়ঃ কূটনীতিক ও বাংলাদেশে বসবাসরত বিদেশি নাগরিকদের ভ্যাকসিনেশন।

সূত্রঃ স্মারক নং-৪৫.০০.০০০০.১৭১.৩২.০১৭.২১/১৩৫, তারিখঃ ০৯ মার্চ-২০২১ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ০৩ মার্চ-২০২১ তারিখে মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সভাপতিত্বে কোভিড-১৯ ভ্যাকসিন ডেপ্লয়মেণ্ট ও ব্যবস্থাপনা বিষয়ক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

সিদ্ধান্ত নং-৩.২: "বাংলাদেশে অবস্থানরত কূটনীতিকদের তালিকা পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে এবং বিভিন্ন প্রতিষ্ঠানে বা প্রজেক্টে কর্মরত বিদেশী নাগরিকগণের তালিকা তাদের কার্যক্রম সংশ্লিষ্ট মন্ত্রণালয় থেকে স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় প্রেরণ করবে"

০২। এমতাবস্থায়, উপরোক্ত সিদ্ধান্তের আলোকে বিভিন্ন প্রতিষ্ঠানে বা প্রজেক্টে কর্মরত বিদেশী নাগরিকগণের তালিকা (Excel sheet, text format, ই-মেইলে-hsdc.19vaccine@gmail.com) স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তিঃ কার্যবিবরণী ০৪(চার) পাতা।

১০.০৩.২০২১

(ডাঃ মোঃ শিব্বির আহমেদ ওসমানী)
উপসচিব
ফোন: ৯৫১৫৫৩১
ph2@hsd.gov.bd

বিতরণঃ

১। সিনিয়র সচিব/সচিব স্থানীয় সরকার বিভাগ

অনুলিপি সদয় অবগতির জন্য :

১। মাননীয় মন্ত্রীর একান্তসচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৩। অতিরিক্ত সচিব (জনস্বাস্থ্য) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৪। যুগ্মসচিব (জনস্বাস্থ্য) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৫। অফিস কপি।

ডায়েরি নং.......তারিখ......
উপসচিব/সিনিয়র সহকারী সচিব
(প্রশাসন-১/প্রশাসন-২/সমন্বয়ও কাউন্সিল/জেপ)
যুগ্মসচিব(প্রশাসন)

অতি:/যুগ্ম সচিব-প্রশাসন/উপজেলা/অডিট
নম্বর.........তারিখ.........
অতিরিক্ত সচিব (প্রশাসন)

স্থানীয় সরকার বিভাগ
প্রাপ্তির তারিখ ১৪/৩/২১
নম্বর......১৫০০

ডায়েরি নং.........
তারিখ.....১৫.০৩.২০২১
প্রশাসনিক কর্মকর্তা (প্রশাসন-১)

*"মুজিববর্ষে স্বাস্থ্য খাত*
*এগিয়ে যাবে অনেক ধাপ।"*

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
জনস্বাস্থ্য-২ অধিশাখা
www.hsd.gov.bd

স্মারক নং-৪৫.০০.০০০০.১৭১.৩২.০১৭.২১/১৩৮

তারিখঃ ০৯ মার্চ-২০২১ খ্রিস্টাব্দ
২৪ ফাল্গুন ১৪২৭ বঙ্গাব্দ

বিষয়ঃ কোভিড-১৯ ভ্যাকসিন ডেপ্লয়মেন্ট ও ব্যবস্থাপনা বিষয়ক সভার কার্যবিবরণী।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ০৩ মার্চ-২০২১ তারিখে মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সভাপতিত্বে কোভিড-১৯ ভ্যাকসিন ডেপ্লয়মেন্ট ও ব্যবস্থাপনা বিষয়ক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী মাননীয় মন্ত্রী মহোদয় কর্তৃক অনুমোদিত হয়েছে।

০২। এমতাবস্থায়, কোভিড-১৯ ভ্যাকসিন ডেপ্লয়মেন্ট ও ব্যবস্থাপনা বিষয়ক সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত মোতাবেক পরবর্তী কার্যক্রম গ্রহণর নিমিত্ত নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হল।

সংযুক্তিঃ বর্ণনামতে ০৩(তিন) পাতা।

০৯.০৩.২০২১

(ডাঃ মোঃ শিব্বির আহমেদ ওসমানী)
উপসচিব
ফোন: ৯৫১৫৫৩১
ph2@hsd.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতা অনুযায়ী নয়) :

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২। মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৩। অতিরিক্ত সচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৪। অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৫। পরিচালক (পরিকল্পনা ও গবেষণা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৬। পরিচালক, সিডিসি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৭। পরিচালক, আইইডিসিআর, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৮। ডাইরেক্টর, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৯। লাইন ডাইরেক্টর, এমএনসিএএইচ, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১০। লাইন ডাইরেক্টর, সিবিএইচ সি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১১। ডেপুটি প্রোগ্রাম ম্যানেজার, ইপিআই, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১২। প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, আইইডিসিআর।
১৩। প্রোগ্রাম ম্যানেজার, ইপিআই, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১৪। ডাঃ মোঃ মফিজুল ইসলাম বুলবুল, ইউএইচএফপিও, তেজগাঁও, ঢাকা।
১৫। Representative, WHO Bangladesh, 10-Golashan Avenue, Dhaka
১৬। Representative, UNICEF Bangladesh, 1-Mintu Road, Dhaka

অনুলিপি সদয় অবগতির জন্য :

১। মাননীয় মন্ত্রীর একান্তসচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৩। অতিরিক্ত সচিব (জনস্বাস্থ্য) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৪। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
জনস্বাস্থ্য-২ অধিশাখা
www.hsd.gov.bd

**কোভিড-১৯ ভ্যাকসিন ডেপ্লয়মেণ্ট ও ব্যবস্থাপনা বিষয়ক সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতিঃ | জনাব জাহিদ মালেক, এমপি, মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। |
| তারিখ ও সময়ঃ | ৩.০৩.২০২১ খ্রি. সকাল ১১.৩০টা। |
| স্থানঃ | সভাকক্ষ (কক্ষ# ৩৩২, ভবন# ৩, ৪র্থ তলা), বাংলাদেশ সচিবালয়, ঢাকা। |

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভা শুরু করেন। তিনি কোভিড-১৯ ভ্যাকসিন কার্যক্রমসহ কোভিড মোকাবেলায় স্বাস্থ্য সেবা বিভাগের তৎপরতায় জনগণের মধ্যে সন্তুষ্টি পরিলক্ষিত হওয়ায় ভ্যাকসিন কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। তিনি বলেন এধারা অব্যাহত রাখতে সামনের দিনগুলোতে আমাদেরকে কঠোর পরিশ্রম করতে হবে। অতপর তিনি অতিরিক্ত সচিব (জনস্বাস্থ্য)-কে সভার আলোচ্যসূচি অনুযায়ী পরবর্তী কার্যক্রম শুরু করার অনুরোধ জানান। অতিরিক্ত সচিব (জনস্বাস্থ্য) বলেন মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নেতৃত্বে সু-পরিকল্পনা ও সমন্বিত প্রচেষ্টার মাধ্যমে আমাদের সফলতা এসেছে। এর পর তিনি সভায় উপস্থিত সকলের উদ্দেশ্যে আলোচ্য আহ্বান জানান।

২। **আলোচ্য বিষয়:** শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক, কর্মচারী ও শিক্ষার্থীদের ৩০ মার্চের মধ্যে ভ্যাকসিন প্রদান সংক্রান্ত

**২.১। আলোচনাঃ** সকল শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক, কর্মচারী ও শিক্ষার্থীদের ৩০ মার্চের মধ্যে ভ্যাকসিন প্রদানে করণীয় বিষয় নির্ধারণ প্রসঙ্গে সভায় আলোচনা করা হয়। সভাপতি জানান, মাননীয় প্রধানমন্ত্রী এ বিষয়ে সদয় সম্মতি প্রদান করেছেন। এক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয় সারা দেশের শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক, কর্মচারী ও শিক্ষার্থীদের (১৮ বছর এর উর্দ্ধে) তালিকা স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয় বরাবর প্রেরণ করলে উক্ত তালিকা অনুযায়ী তাদের রেজিস্ট্রেশন ও ভ্যাকসিন প্রদানের কাজ শুরু করা হবে।

**২.২। সিদ্ধান্তঃ** সরকারি-বেসরকারি বিশ্ববিদ্যালয়, কলেজ, স্কুল, মাদ্রাসাসহ সকল শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক, কর্মচারী ও প্রযোজ্য ক্ষেত্রে শিক্ষার্থীদের কোভিড-১৯ ভ্যাকসিন প্রদানের জন্য তালিকা (ইংরেজীতে নাম, NIDসহ) শিক্ষা মন্ত্রণালয় সংগ্রহপূর্বক স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় প্রেরণ করবে।

৩। আলোচ্য **বিষয়ঃ** কূটনীতিক ও বাংলাদেশে বসবাসরত বিদেশি নাগরিকদের ভ্যাকসিনেশন

**৩.১। আলোচনাঃ** ডাঃ শামছুল আলম, লাইন ডিরেক্টর, এমএনসিঅ্যান্ডএএইচ, স্বাস্থ্য অধিদপ্তর জানান যে, গত ২৩ ফেব্রুয়ারি ২০২১ খ্রি. তারিখে পররাষ্ট্র মন্ত্রণালয়ের করোনা সেলের প্রধানের সভাপতিত্বে বাংলাদেশে কর্মরত ও অবস্থানরত বিদেশী নাগরিকদের কোভিড-১৯ ভ্যাকসিনেশনের বিষয়ে একটি আন্তঃমন্ত্রণালয় সভা উনুষ্ঠিত হয়। উক্ত সভায় বাংলাদেশে বসবাস/কর্মরত বিদেশীদের প্রাধিকার অনুযায়ী কয়েকটি ক্যাটাগরিতে ভাগকরে তালিকা প্রস্তুতপূর্বক পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে স্বাস্থ্য মন্ত্রণালয়ে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। সভাপতি বলেন, বাংলাদেশ অবস্থানরত দূতাবাসসমূহে কর্মরত বিদেশী নাগরিকদের ভ্যাকসিন প্রদানের জন্য পররাষ্ট্র মন্ত্রণালয় তালিকা সংগ্রহ করে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় প্রেরণ করবে। এছাড়া তিনি আরও বলেন বাংলাদেশে অবস্থানরত বিদেশী নাগরিকগণ যারা বিভিন্ন উন্নয়নমূলক কাজে (যেমন পদ্মা সেতু নির্মাণকাজ, মেট্রোরেল প্রকল্প) অবস্থান করছেন তাদের তালিকা স্ব-স্ব মন্ত্রণালয় তাদের তালিকা প্রস্তুত করে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় প্রেরণ করবে।

৩.২। সিদ্ধান্তঃ বাংলাদেশে অবস্থানরত কূটনীতিকদের তালিকা পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে এবং বিভিন্ন প্রতিষ্ঠানে বা প্রজেক্টে কর্মরত বিদেশী নাগরিকগণের তালিকা তাদের কার্যক্রম সংশ্লিষ্ট মন্ত্রণালয় থেকে স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় প্রেরণ করবে।

৪। **আলোচ্য বিষয়ঃ** হোটেলে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের অগ্রাধিকার তালিকায় অর্ন্তভূক্তি করণ

৪.১। **আলোচনাঃ** ডাঃ শামছুল আলম, লাইন ডিরেক্টর, এমএনসিঅ্যান্ডএএইচ, স্বাস্থ্য অধিদপ্তর বলেন হোটেলে কর্মরত কর্মকর্তা-কর্মচারীরা অগ্রাধিকার তালিকায় অর্ন্তভুক্ত নেই, তাদেরকে অগ্রাধিকার তালিকায় অন্তর্ভুক্ত করা প্রয়োজন। । এ পর্যায় সভাপতি বলেন কোয়ারেন্টাইন নিশ্চিত করতে এবং পর্যটন শিল্পকে সচল রাখার জন্য যে সকল হোটেলে কোয়ারেন্টাইন চালু আছে এবং অন্যান্য ৫ তারকা হোটেলের কর্মকর্তা-কর্মচারীদের অগ্রাধিকার তালিকায় অন্তর্ভুক্ত করা যেতে পারে। পর্যায়ক্রমে সকল হোটেলে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদেরও এর আওতায় আনা হবে।

৪.২। **সিদ্ধান্তঃ** যে সকল হোটেলে কোয়ারেন্টাইন সেবা প্রদানের জন্য স্বাস্থ্য সেবা বিভাগের তালিকাভুক্ত সেসব হোটেল এবং অন্যান্য ৫ তারকা হোটেলে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের অগ্রাধিকার তালিকায় অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। এক্ষেত্রে বেসামরিক বিমান ও পর্যটন মন্ত্রণালয় তাদের তালিকা প্রস্তুত করে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ে প্রেরণ করবে। পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য স্বাস্থ্য অধিদপ্তর বরাবর প্রেরণ করা হবে।

৫। **আলোচ্য বিষয়ঃ** National Deployment & Vaccination Plan (NDVP) অনুযায়ী ৮০% জনগোষ্ঠীর ভ্যাকসিন সংগ্রহ

৫.১। **আলোচনাঃ** অতিরিক্ত মহাপরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন, স্বাস্থ্য অধিদপ্তর জানান, ইতোমধ্যে বাংলাদেশ ত্রিপক্ষীয় চুক্তির (গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, Beximco Pharmaceuticals Limited ও Serum Institute of India) মাধ্যমে মোট জনগোষ্ঠীর ৯% (৩ কোটি ডোজ) এবং COVAX AMC-92 ভুক্ত দেশ হিসেবে বিনামূল্যে ২০% জনগোষ্ঠীর জন্য ভ্যাকসিন সংগ্রহের নিশ্চয়তা দিয়েছে। লাইন ডিরেক্টর, এমএনসিঅ্যান্ডএএইচ, জানান বিশ্ব ব্যাংকের কোভিড-১৯ প্রজেক্ট শীর্ষক ফান্ড হতে যে পরিমাণ অর্থ COVAX Facility এর ভ্যাকসিন ও আনুষঙ্গিক মালামাল ক্রয়ের জন্য ব্যয় করার কথা ছিল তা প্রয়োজন না হওয়ায় উক্ত প্রায় ১৩৮ মিলিয়ন মার্কিন ডলার আরও ভ্যাকসিন ক্রয়ের ক্ষেত্রে ব্যবহার করা যেতে পারে। ইউনিসেফ প্রতিনিধি জানান, নিয়মিত টিকাদান কর্মসূচির ভ্যাকসিন বরাবরই ইউনিসেফ প্রকিউরমেন্ট ডিভিশন ক্রয় করে আসছে। এমনকি COVAX Facilty হতে সারাবিশ্বে যে ভ্যাকসিন প্রদান করা হচ্ছে সেখানেও ইউনিসেফ প্রকিউরমেন্ট ডিভিশন কাজ করছে। ভবিষ্যতে বাংলাদেশ সরকার ভ্যাকসিন ক্রয়ের ক্ষেত্রে ইউনিসেফ প্রকিউরমেন্ট ডিভিশনকে কাজে লাগাতে পারে।

৫.২। সিদ্ধান্তঃ বেক্সিমকো ফার্মা লিমিটেড এবং সিরাম ইনস্টিটিউট অব ইন্ডিয়া বরাবর সম্পাদিত চুক্তি অনুযায়ী ভ্যাকসিন সরবরাহের জন্য বেক্সিমকো ফার্মা ও সিরাম ইনস্টিটিউট এর সাথে নিবিড় যোগাযোগ রাখতে হবে। এব্যাপারে মহাপরিচালক স্বাস্থ্য অধিদপ্তর বেক্সিমকো সিরাম ইনস্টিটিউটকে পত্র প্রেরণ করবে। এছাড়া আরও কোভিড-১৯ ভ্যাকসিন ক্রয়ের জন্য মহাপরিচালক স্বাস্থ্য অধিদপ্তর EOI প্রদানের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে।

৬। **আলোচ্য বিষয়ঃ** FDMN জনগোষ্ঠীর কোভিড-১৯ ভ্যাকসিনেশন

৬.১। **আলোচনাঃ** লাইন ডিরেক্টর, এমএনসিঅ্যান্ডএএইচ জানান কক্সবাজারস্থ বিশ্ব স্বাস্থ্য সংস্থার FDMN Cell জানিয়েছেন যে, FDMN জনগোষ্ঠীতে চল্লিশোর্ধ জনগোষ্ঠীর পরিমাণ ১ লাখ ২৬ হাজার। তিনি আরও জানান COVAX Facility হতে প্রাপ্য ভ্যাকসিন সমূহের ক্ষেত্রে তাদের একটি শর্ত হল দেশে অবস্থানরত শরণার্থী জনগোষ্ঠীকে ভ্যাকসিন প্রদান। এছাড়া উক্ত জনগোষ্ঠীকে ভ্যাকসিন প্রদানের ক্ষেত্রে প্রশিক্ষণ ম্যাটেরিয়াল ব্যতীত অন্য কোন ব্যয় নির্বাহ করতে হবে না। সভায় উক্ত জনগোষ্ঠীকে কোভিড-১৯ ভ্যাকসিন প্রদান করা যেতে পারে বলে আলোচনা হয়।

৬.২। **সিদ্ধান্তঃ** FDMN জনগোষ্ঠীর তালিকা প্রস্তুতের জন্য পররাষ্ট্র মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৭। **আলোচ্য বিষয়ঃ** কোভিড-১৯ ভ্যাকসিনেশন পরিকল্পনা

৭.১। **আলোচনাঃ** ডাঃ শামছুল আলম, লাইন ডিরেক্টর, এমএনসিঅ্যান্ডএএইচ, স্বাস্থ্য অধিদপ্তর জানান যে, দেশব্যাপী বণ্টনকৃত ভ্যাকসিনের পরিমাণ ৬০ লাখ ডোজ। মজুদ রয়েছে আরও ৩০ লাখ ডোজ। ইতোমধ্যেই বণ্টনকৃত ৬০ লাখ ডোজকে ১ম ডোজ হিসেবে প্রদান করা যেতে পারে। অতঃপর ৭ এপ্রিল ২০২১ খ্রি. হতে ১ম ডোজ সম্পন্নকারীদের ২য় ডোজ প্রদান আরম্ভ করা যেতে পারে। এক্ষেত্রে মজুদ থাকা ১০ লাখ ডোজ ও সিরাম ইন্সটিটিউট হতে ২২ ফেব্রুয়ারি ২০২১ খ্রি. তারিখে আসা ২০ লাখ এবং মার্চ ২০২১ নাগাদ সিরাম ইন্সটিটিউট হতে প্রাপ্য সম্ভাব্য আরও ৩০-৪০ লাখ ডোজ অর্থাৎ মোট প্রায় ৬০-৭০ লাখ ডোজ দিয়ে ২য় ডোজ শুরু করা যেতে পারে। এছাড়া গত ২৬ ফেব্রুয়ারি ২০২১ খ্রি. তারিখে COVAX Facilty হতে প্রেরিত পত্র মারফত জানা গেছে যে মে, ২০২১ এর মধ্যে কয়েকটি ধাপে বাংলাদেশকে Serum Institute, India কর্তৃক উৎপাদিত (Oxford/ Astrazeneca উদ্ভাবিত) SII-AZ AZD1222 ভ্যাকসিনের মোট ১০,৯০৮,০০০ টি ডোজ সরবরাহ করা হবে। চলতি মাসেই ১ম ধাপে দেশে ২০ লাখ ডোজ ভ্যাকসিন এসে পৌঁছানোর কথা যার সাথে সিরাম ইনস্টিটিউট থেকে আরও ডোজ প্রাপ্তি সাপেক্ষে অন্য জনগোষ্ঠীর ১ম ডোজ শুরু করা যেতে পারে। সভাপতি জানান মজুদ ভ্যাকসিনের পরিমাণ বিবেচনা করে ভ্যাকসিনেশন পরিকল্পনা প্রস্তুত করতে হবে। প্রয়োজনে বিকল্প পরিকল্পনাও প্রস্তুত করতে হবে।

অঃপৃঃদ্রঃ

৭.২। **সিদ্ধান্তঃ** মজুদকৃত ভ্যাকসিনের পরিমাণ অনুয়ায়ী আগামী দিনগুলোতে প্রতিদিন গড়ে ভ্যাকসিনের হার কি হবে তার বিস্তারিত কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে। ২য় ডোজ হাতে রেখে ১ম ডোজ সম্পন্ন করতে হবে।

৮। **আলোচ্য বিষয়ঃ** ভ্যাকসিনেশন সনদ প্রাপ্তি

৮.১। **আলোচনাঃ** অতিরিক্ত সচিব, প্রশাসন, স্বাস্থ্য সেবা বিভাগ বলেন, কোভিড-১৯ ভ্যাকসিনেশন এর দুই ডোজ প্রাপ্তির পর সুরক্ষা ওয়েবসাইটের মাধ্যমে ভ্যাকসিন গ্রহীতাদের ভ্যাকসিনেশন সনদ প্রাপ্তির সুযোগ থাকবে বলা হলেও এখন পর্যন্ত এ বিষয়ে software update হয়নি। সভাপতি এ বিষয়ে আইসিটি ডিভিশনের সাথে আলোচনা সাপেক্ষে বিষয়টি দ্রুত নিস্পত্তি করা যেতে পারে বলে আলোচনা করেন।

৮.২। সিদ্ধান্তঃ এ বিষয়ে আইসিটি ডিভিশনের সাথে আলোচনা সাপেক্ষে বিষয়টি দ্রুত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৯। **আলোচ্য বিষয়ঃ** প্রণোদনা বাজেট

৯.১। আলোচনাঃ সভায় চলমান কোভিড-১৯ ভ্যাকসিনেশন কার্যক্রমকে আরও বেগবান করতে কয়েকটি খাতে অর্থ সংস্থান বিষয়ে আলোচনা করা হয়। বিশেষ করে দেশব্যাপী স্বাস্থ্যকর্মী তথা চিকিৎসক, নার্স (ভ্যাকসিন প্রদানকারী), স্বেচ্ছাসেবকসহ, পরিসংখ্যানবিদ, এমটি-ইপিআই ইত্যাদি কর্মকর্তা-কর্মচারীগণ অক্লান্ত পরিশ্রম করে চলেছেন। এদের প্রণোদনা হিসেবে অর্থ বরাদ্দ বিষয়ে সভায় আলোচনা করা হয়। সভাপতি এ বিষয়ে একটি প্রস্তাবনা প্রস্তুত করে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ে দাখিল করবার জন্য স্বাস্থ্য অধিদপ্তরকে নির্দেশ প্রদান করেন।

৯.২। সিদ্ধান্তঃ ভ্যাকসিন প্রদান এবং ম্যানেজমেন্ট -এর সাথে জড়িত সকল কর্মকর্তা-কর্মচারীদের ইন্সেন্টিভ/ প্রণোদনা দিতে হবে । এক্ষেত্রে স্বাস্থ্য অধিদপ্তর একটি প্রস্তাবনা স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণলয় বরাবর প্রেরন করবেন।

১০। **আলোচ্য বিষয়ঃ** হার্ড টু রিচ এরিয়াসমূহে কোভিড-১৯ ভ্যাকসিনেশন

১০.১। **আলোচনাঃ** দেশের হার্ড টু রিচ এরিয়া তথা চরাঞ্চল, পাহাড়ী অঞ্চলসমূহে প্রযুক্তিগতভাবে পিছিয়ে থাকা জনগোষ্ঠীর মধ্যে কোভিড-১৯ ভ্যাকসিনেশন সম্প্রসারণের জন্য গণমাধ্যমসহ অন্যান্য উপায়ে প্রচারণা বৃদ্ধি করা আবশ্যক। এ বিষয়ে হার্ড টু রিচ এলাকাসমূহের জনগণকে ভ্যাকসিন গ্রহণে উদ্বুদ্ধকরণ ও রেজিস্ট্রেশন সম্পন্নকরণে স্থানীয় সরকারের নির্বাচিত প্রতিনিধিগণসহ স্থানীয় ধর্মীয় প্রতিনিধিগণ ও বিদ্যমান এনজিওসমুহকে সম্পৃক্ত করা প্রয়োজন। উল্লেখ্য যে, উক্ত এলাকাসমূহে ভ্যাকসিন ও লজিস্টিক সামগ্রী পরিবহণের ক্ষেত্রে স্বাভাবিকের অতিরিক্ত ব্যয় নির্বাহের প্রয়োজন হয়ে থাকে। হার্ড টু রিচ এরিয়াসমূহে কোভিড-১৯ ভ্যাকসিনেশন কার্যক্রম সম্প্রসারণের লক্ষ্যে একটি পরিকল্পনা প্রস্তুত পূর্বক মন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষে তা বাস্তবায়ন করার বিষয়ে আলোচনা করা হয়।

১০.২। **সিদ্ধান্তঃ** হার্ড টু রিচ এলাকায় রেজিস্ট্রেশন সম্পন্নকরণপূর্বক ভ্যাকসিনেশন নিশ্চিতকল্পে স্থানীয় সরকারের নির্বাচিত প্রতিনিধিগণসহ স্থানীয় ধর্মীয় প্রতিনিধিগণ ও বিদ্যমান এনজিওসমুহকে সম্পৃক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

১১। **আলোচ্য বিষয়ঃ** COVAX Facility হতে প্রাপ্য ভ্যাকসিনের জন্য প্রস্তুতি

১১.১। **আলোচনাঃ** COVAX Facility হতে ১ম ধাপে প্রাপ্য ২০ লাখ ডোজ সুষ্ঠূভাবে গ্রহণের জন্য ইতোমধ্যেই COVAX Facility ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠান যেমন UNICEF Procurement Division ও Gavi the vaccine alliance এর কাছে প্রয়োজনীয় কাগজপত্রাদি যথাসময়ে প্রেরণ করা হয়েছে। বর্তমানে COVAX Facility হতে শিপমেন্ট সংক্রান্ত কাগজপত্রাদি তথা কমার্শিয়াল ইনভয়েস, লট রিলিজ সার্টিফিকেট, প্যাকিং লিস্ট, পারচেজ অর্ডার, কোয়ালিটি কন্ট্রোল পেপার, এয়ারওয়ে বিল ইত্যাদি ইউনিসেফ প্রকিউরমেন্ট-সাপ্লাই ডিভিশন বরাবর প্রেরিত হলে তা এনওসি, কাস্টমস ক্লিয়ারেন্স ইত্যাদির জন্য ঔষধ প্রশাসন অধিদপ্তর ও সিএমএসডি'কে অবহিত করার বিষয়ে আলোচনা হয়।

১১.২। **সিদ্ধান্তঃ** COVAX Facility হতে শিপমেন্ট সংক্রান্ত কাগজপত্রাদি ইউনিসেফ প্রকিউরমেন্ট-সাপ্লাই ডিভিশন বরাবর প্রেরিত হলে তা এনওসি, কাস্টমস ক্লিয়ারেন্স ইত্যাদির জন্য ঔষধ প্রশাসন অধিদপ্তর ও সিএমএসডি'কে অবহিত করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। ঔষধ প্রশাসন অধিদপ্তর ও সিএমএসডি পরবর্তী কার্যক্রম গ্রহণ করবে।

১২। **আলোচ্য বিষয়ঃ** কোভিড-১৯ সংক্রান্ত বিভিন্ন ফান্ড বিষয়ক আলোচনা

১২.১। **আলোচনাঃ** সভায় অতিরিক্ত সচিব, পরিকল্পনা ও মনিটরিং কোভিড-১৯ বিষয়ক বিদ্যমান বিভিন্ন ফান্ড ও বৈদেশিক অর্থ সাহায্য বিষয়ে সভাপতি মহোদয়কে অবহিত করেন। তিনি এডিবি সহ JICA ও আরও অনেক প্রতিষ্ঠান ও দেশ কর্তৃক বাংলাদেশকে প্রস্তাবিত ঋণ প্রস্তাব তুলে ধরেন। সভাপতি মহোদয় এ বিষয়ে এখনই চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ না করে আরো বিশদ আলোচনা সাপেক্ষে সিদ্ধান্ত গ্রহণের জন্য পরামর্শ প্রদান করেন। এক্ষেত্রে ঋণ প্রস্তাবকারী প্রতিষ্ঠানসমূহ সেরাম ইন্সটিটিউট অব ইন্ডিয়া এবং বেক্সিমকো ফার্মা লি. এর সাথে MoU (চুক্তিপত্র) দেখতে চান এবং তাদের সাথে শেয়ার করার ব্যাপারে আলোচনা হয়

১২.২। **সিদ্ধান্তঃ** সিরাম ইন্সটিটিউট অব ইন্ডিয়া এবং বেক্সিমকো ফার্মা লি. এর সাথে MoU (চুক্তিপত্র) ঋণ প্রস্তাবকারী প্রতিষ্ঠানসমূহের সাথে শেয়ার করা যেতে পারে। তবে ঋণ গ্রহণের বিষয়ে পরবর্তীতে সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

১৩। **আলোচ্য বিষয়ঃ** বেসরকারি ভিত্তিতে ভ্যাকসিনেশন কার্যক্রম পরিচালনার অনুমোদন বিষয়ে আলোচনা

১৩.১। **আলোচনাঃ** সভায় সরকারিভাবে ভ্যাকসিন প্রদানের পাশাপাশি বেসরকারি ভিত্তিতে ভ্যাকসিন প্রদান করার বিষয়টি আলোচনা করা হয়। অতিরিক্ত মহাপরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন, স্বাস্থ্য অধিদপ্তর জানান এটি করা সম্ভব হলে সরকারিভাবে সাধারণ জনগোষ্ঠীর আরও বেশি সংখ্যককে ভ্যাকসিন প্রদান করা যাবে। কারণ বেসরকারিভাবে ভ্যাকসিন প্রদানের অনুমতি প্রদান করা হলে অর্থনৈতিকভাবে স্বচ্ছল জনগোষ্ঠির অনেকেই হয়তো উক্ত উৎস হতে ভ্যাকসিন গ্রহণে সচেষ্ট হবেন।

১৩.২। **সিদ্ধান্তঃ** বেসরকারি প্রতিষ্ঠান কর্তৃক আগদানীকৃত ভ্যাকসিন সমূহ অবশ্যই Global Regulatory Authority এবং বাংলাদেশের Regulatory Authority কর্তৃক অনুমোদন গ্রহণ করতে হবে। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর ও মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তরকে একটি যুগোপযোগি এবং স্বয়ংসম্পূর্ণ গাইড লাইন প্রণয়ন করে অনুমোদনের জন্য দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

১৪। **আলোচ্য বিষয়ঃ** কোভিড-১৯ ভ্যাকসিনেশন সুপারভিশন ও মনিটরিং

১৪.১। **আলোচনাঃ** স্বাস্থ্য অধিদপ্তর হতে দেশব্যাপী চলমান কোভিড-১৯ ভ্যাকসিনেশন কার্যক্রম দৈনিক অনলাইনে সুপারভিশন ও মনিটরিং করা হচ্ছে। সুপারভিশন ও মনিটরিংসহ প্রচার-প্রচারণা আরও বেগবান করতে সভায় আলোচনা করা হয়। সভাপতি বলেন স্বাস্থ্য অধিদপ্তর কোর কমিটি প্রতিদিন চলমান কোভিড-১৯ ভ্যাকসিনেশন কার্যক্রম মনিটর করার জন্য প্রতিদিন এবং সেবা বিভাগ প্রতি ১৫ দিন পর পর সভা করবেন।

১৪.২। **সিদ্ধান্তঃ** সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় ১৫ দিন পর পর এবং স্বাস্থ্য অধিদপ্তর প্রতিদিন ভ্যাকসিন সুপারভিশন ও মনিটরিং সংক্রান্ত সভা করতে হবে।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি করেন।

স্বাক্ষরিত/-
(জাহিদ মালেক, এমপি)
মন্ত্রী
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

অঃপৃঃদ্রঃ

তারিখঃ ০৯ মার্চ-২০২১ খ্রিস্টাব্দ
২৪ ফাল্গুন ১৪২৭ বঙ্গাব্দ

স্মারকনং-৪৫.০০.০০০০.১৭১.৩২.০১৭.২১/১৩৫

বিতরণ (জ্যেষ্ঠতা অনুযায়ী নয়) :

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২। মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৩। অতিরিক্ত সচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৪। অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৫। পরিচালক (পরিকল্পনা ও গবেষণা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৬। পরিচালক, সিডিসি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৭। পরিচালক, আইইডিসিআর, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৮। ডাইরেক্টর, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৯। লাইন ডাইরেক্টর, এমএনসিএএইচ, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১০। লাইন ডাইরেক্টর, সিবিএইচ সি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১১। ডেপুটি প্রোগ্রাম ম্যানেজার, ইপিআই, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১২। প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, আইইডিসিআর।
১৩। প্রোগ্রাম ম্যানেজার, ইপিআই, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১৪। ডাঃ মোঃ মফিজুল ইসলাম বুলবুল, ইউএইচএফপিও, তেজগাঁও, ঢাকা।
১৫। Representative, WHO Bangladesh, 10-Golashan Avenue, Dhaka
১৬। Representative, UNICEF Bangladesh, 1-Mintu Road, Dhaka

অনুলিপি সদয় অবগতির জন্য :

১। মাননীয় মন্ত্রীর একান্তসচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৩। অতিরিক্ত সচিব (জনস্বাস্থ্য) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৪। অফিস কপি।

০৯.০৩.২০২১

(ডাঃ মোঃ শিব্বির আহমেদ ওসমানী)
উপসচিব
ফোনঃ ৯৫১৫৫৩১
ph2@hsd.gov.bd